# Ceftid®

## Cefixime

**Description:** Cefixime (**Ceftid**®) is an orally administered 3rd generation cephalosporin with a wider antimicrobial spectrum than earlier oral cephalosporins, such as cefalexin, cefradine and cefaclor. Cefixime has good activity against *Streptococcus pneumoniae*, *Neisseria gonorrhoea* and *Haemophilus influenzae*. However, the MIC of Cefixime is considerably higher against ampicillin resistant *H. influenzae* strains. Among the Enterobacteriaceae, *E. coli*, *Klebsiella* and *Proteus* are sensitive to cefixime.

**Mode of action:** Cefixime (**Ceftid**®) inhibits bacterial cell wall synthesis and thus exerts bactericidal action.

**Pharmacokinetics:** 40 to 50% of an oral dose of cefixime is absorbed from the gastrointestinal tract, whether taken before or after meals. The peak serum concentrations have been reported about 4 hours after single dose of 200 mg. The plasma half-life is usually about 3 to 4 hours and may be prolonged when there is renal impairment. About 65% of cefixime in the circulation is bound to plasma proteins. Cefixime crosses the placenta and relatively higher concentrations may be achieved in bile. About 20% of an oral dose (or 50% of an absorbed dose) is excreted unchanged in the urine within 24 hours. Upto 60% may be eliminated by nonrenal mechanisms; some is probably excreted into the faeces from bile.

**Composition: Ceftid® 200 mg Tablet:** Each film coated tablet contains Cefixime Trihydrate USP 223.84 mg equivalent to Cefixime 200 mg.
**Ceftid® 400 mg Tablet:** Each film coated tablet contains Cefixime Trihydrate USP 447.68 mg equivalent to Cefixime 400 mg.
**Ceftid® 200 mg Capsule:** Each capsule contains Cefixime Trihydrate USP 223.84 mg equivalent to Cefixime 200 mg.
**Ceftid® 400 mg Capsule:** Each capsule contains Cefixime Trihydrate USP 447.68 mg equivalent to Cefixime 400 mg.
**Ceftid® Powder for Suspension:** After reconstitution each 5 ml contains Cefixime Trihydrate USP 112 mg equivalent to Cefixime 100 mg.
**Ceftid® DS Powder for Suspension:** After reconstitution each 5 ml contains Cefixime Trihydrate USP 223.85 mg equivalent to Cefixime 200 mg.
**Ceftid® Powder for Paediatric Drops:** After reconstitution each ml contains Cefixime Trihydrate USP 27.98 mg equivalent to Cefixime 25 mg.
**Ceftid® QS Powder for Paediatric Drops:** After reconstitution each ml contains Cefixime Trihydrate USP 112 mg equivalent to Cefixime 100 mg.

**Indications:** Respiratory tract infections, Otitis media, Gastrointestinal tract infections (including enteric fever), Urinary tract infections & Gonorrhoea.

**Dosage & administration:** *Adult and Child over 10 years:* 200 to 400 mg daily, either as a single dose or in 2 divided doses. *Child from 5 to 9 years:* 200 mg daily, *Child from 1 to 4 years:* 100 mg daily, *Child from 6 months to 11 months:* 75 mg daily, *Child over 6 months:* 8 mg/kg body weight daily, either as a single dose or in 2 divided doses.
*Gonorrhoea:* 400 mg as a single dose.
*Enteric fever:* 10 mg/kg/day for 14 days, in severe cases 20 mg/kg/day.

**Contraindications:** Patients with known allergy to the cephalosporins.

**Side effects:** Diarrhoea, nausea, vomiting, abdominal pain and headache, allergic manifestations, blood disorders.

**Use in pregnancy & lactation:** US FDA pregnancy category B. No data is available about lactation.

**Precautions:** Renal impairment, pregnancy, nursing mother.

**Drug interactions:** No significant drug interactions have been reported.

**Overdosage:** Gastric lavage may be indicated; otherwise, no specific antidote exists. Cefixime is not removed in significant quantities from the circulation by hemodialysis or peritoneal dialysis. Adverse reactions in small numbers of healthy adult volunteers receiving single dose upto 2 gm of cefixime did not differ from the profile seen in patients treated at the recommended dose.

**Storage:** Keep out of the reach of children. Store in a dry place, below 25˚C temperature and protected from light.

**Packaging: Ceftid® 200 mg Tablet:** Each carton contains 14 tablets (7X2) in Alu-Alu blister pack.
**Ceftid® 400 mg Tablet:** Each carton contains 7 tablets (7X1) in Alu-Alu blister pack.
**Ceftid® 200 mg Capsule:** Each carton contains 14 capsule (7X2)) in Alu-Alu blister pack.
**Ceftid® 400 mg Capsule:** Each carton contains 7 capsule (7X1) in Alu-Alu blister pack.
**Ceftid® 37.5 ml Powder for Suspension:** Each carton contains a bottle having dry powder to reconstitute 37.5 ml suspension.
**Ceftid® 50 ml Powder for Suspension:** Each carton contains a bottle having dry powder to reconstitute 50 ml suspension.
**Ceftid® 75 ml Powder for Suspension:** Each carton contains a bottle having dry powder to reconstitute 75 ml suspension.
**Ceftid® DS 50 ml Powder for Suspension:** Each carton contains a bottle having dry powder to reconstitute 50 ml suspension.
**Ceftid® Powder for Paediatric Drops:** Each carton contains a bottle having dry powder to reconstitute 21 ml paediatric drops.
**Ceftid® QS Powder for Paediatric Drops:** Each carton contains a bottle having dry powder to reconstitute 11 ml paediatric drops.

# সেফটিড®

## সেফিক্সিম

**বিবরণ:** সেফিক্সিম (**সেফটিড**®) মুখে সেবন উপযোগী তৃতীয় প্রজন্মের সেফালোস্পোরিন এন্টিবায়োটিক। মুখে সেবনযোগ্য অন্যান্য সেফালোস্পোরিন যেমন- সেফালেক্সিন, সেফ্রাডিন ও সেফাক্লোর -এর চেয়ে এটি বিস্তৃত বর্ণালীর ব্যাকটেরিয়ার বিরুদ্ধে কার্যকরি। *স্ট্র্যাপ্টোকক্কাস নিউমোনি*, *নিসেরিয়া গনোরি* ও *হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জি*-র বিরুদ্ধে এটি ভালোভাবে কার্যকরি। এমআইসি-র মাত্রা এমপিসিলিন প্রতিরোধ্য *হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জি* প্রজাতির ক্ষেত্রে অনেক বেশী। এন্টারোবেকটেরিয়াসি-র মধ্যে *ইসেরিচিয়া কোলাই*, *ক্ল্যাবসিয়েলা* ও *প্রোটিয়াস*, সেফিক্সিম -এ সংবেদনশীল।

**কার্যপদ্ধতি:** সেফিক্সিম (**সেফটিড**®) ব্যাকটেরিয়ার কোষ প্রাচীর সংশ্লেষণে বাধা প্রদান করে এবং এভাবে ব্যাকটেরিয়া ধ্বংসকারী হিসেবে কাজ করে।

**ওষুধের উপর শরীরের ক্রিয়া (ফার্মাকোকাইনেটিক্স):** খাবারের আগে বা পরে যখনই সেবন করা হোক, মুখে সেবনের পর প্রায় ৪০-৫০% পরিপাকতন্ত্র হতে শোষিত হয়। ২০০ মিগ্রা সেবনের প্রায় ৪ ঘন্টা পর সিরামে এটি সর্বোচ্চ ঘনত্ব প্রাপ্ত হয়। এর প্লাজমা অর্ধায়ু প্রায় ৩ থেকে ৪ ঘন্টা এবং বৃক্কে জটিলতা থাকলে তা বেড়ে যেতে পারে। প্রায় ৬৫% সেফিক্সিম-ই প্লাজমা প্রোটিনের সাথে আবদ্ধ থাকে। এটি প্লাসেন্টা অতিক্রম করে এবং পিত্তরসে উচ্চমাত্রায় পাওয়া যায়। সেবনমাত্রার প্রায় ২০% অবিকৃত অবস্থায় মূত্রের মাধ্যমে ২৪ ঘন্টার মধ্যে নির্গত হয়। প্রায় ৬০% মূত্রের বাইরে অন্য মাধ্যমে নির্গত হয়। কিছু পরিমাণ পিত্ত হতে মলের মাধ্যমে নিঃসরণ হয়।

**উপাদান: সেফটিড® ২০০ মিগ্রা ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে সেফিক্সিম ট্রাইহাইড্রেট ইউএসপি ২২৩.৮৪ মিগ্রা যা সেফিক্সিম ২০০ মিগ্রা এর সমতুল্য।
**সেফটিড® ৪০০ মিগ্রা ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে সেফিক্সিম ট্রাইহাইড্রেট ইউএসপি ৪৪৭.৬৮ মিগ্রা যা সেফিক্সিম ৪০০ মিগ্রা এর সমতুল্য।
**সেফটিড® ২০০ মিগ্রা ক্যাপসুল:** প্রতিটি ক্যাপসুলে আছে সেফিক্সিম ট্রাইহাইড্রেট ইউএসপি ২২৩.৮৪ মিগ্রা যা সেফিক্সিম ২০০ মিগ্রা এর সমতুল্য।
**সেফটিড® ৪০০ মিগ্রা ক্যাপসুল:** প্রতিটি ক্যাপসুলে আছে সেফিক্সিম ট্রাইহাইড্রেট ইউএসপি ৪৪৭.৬৮ মিগ্রা যা সেফিক্সিম ৪০০ মিগ্রা এর সমতুল্য।
**সেফটিড® সাসপেনশন তৈরীর পাউডার:** সাসপেনশন প্রস্তুতের পর প্রতি ৫ মিলি -এ আছে সেফিক্সিম ট্রাইহাইড্রেট ইউএসপি ১১২ মিগ্রা যা সেফিক্সিম ১০০ মিগ্রা এর সমতুল্য।
**সেফটিড® ডিএস সাসপেনশন তৈরীর পাউডার:** সাসপেনশন প্রস্তুতের পর প্রতি ৫ মিলি -এ আছে সেফিক্সিম ট্রাইহাইড্রেট ইউএসপি ২২৩.৮৫ মিগ্রা যা সেফিক্সিম ২০০ মিগ্রা এর সমতুল্য।
**সেফটিড® শিশুদের জন্য ড্রপস্:** ড্রপস্ তৈরির পর প্রতি মিলি -এ আছে সেফিক্সিম ট্রাইহাইড্রেট ইউএসপি ২৭.৯৮ মিগ্রা যা সেফিক্সিম ২৫ মিগ্রা এর সমতুল্য।
**সেফটিড® কিউএস শিশুদের জন্য ড্রপস্:** ড্রপস্ তৈরির পর প্রতি মিলি -এ আছে সেফিক্সিম ট্রাইহাইড্রেট ইউএসপি ১১২ মিগ্রা যা সেফিক্সিম ১০০ মিগ্রা এর সমতুল্য।

**নির্দেশনা:** শ্বাসতন্ত্রের সংক্রমণ, মধ্যকর্ণে প্রদাহ, এন্টারিক ফিভার সহ অন্যান্য পরিপাকতান্ত্রিক সংক্রমণ, মূত্রনালীর সংক্রমণ ও গনোরিয়ায় এটি নির্দেশিত।

**মাত্রা ও প্রয়োগ:** প্রাপ্তবয়স্ক ও ১০ বছরের উর্ধ্বে শিশুঃ ২০০ থেকে ৪০০ মিগ্রা একক বা দুটি বিভক্ত মাত্রায় সেব্য।
শিশুঃ *৫-৯ বছর:* দৈনিক ২০০ মিগ্রা, *১-৪ বছর:* দৈনিক ১০০ মিগ্রা, *৬ মাস থেকে ১১ মাস:* দৈনিক ৭৫ মিগ্রা, *৬ মাসের উর্ধ্বে:* প্রতি কেজি দৈহিক ওজন হিসেবে দৈনিক ৮ মিগ্রা, একক বা দুটি বিভক্ত মাত্রায় সেব্য।
*গনোরিয়া:* ৪০০ মিগ্রা এককমাত্রায় সেব্য।
*এন্টারিক ফিভার:* প্রতি কেজি দৈহিক ওজন হিসেবে ১০ মিগ্রা ১৪ দিন পর্যন্ত সেব্য এবং রোগের তীব্রতার ক্ষেত্রে প্রতি কেজি দৈহিক ওজন হিসেবে ২০ মিগ্রা সেব্য।

**বিরুদ্ধ ব্যবহার:** *(যেসব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না):* সেফালোস্পোরিন এন্টিবায়োটিকের প্রতি অতিসংবেদনশীলতার ক্ষেত্রে ব্যবহার নিষিদ্ধ।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** পাতলা পায়খানা, বমি বমি ভাব, বমি, তলপেটে ব্যথা, মাথা ব্যথা, এলার্জিজনিত ক্রিয়া, রক্তের সমস্যা দেখা দিতে পারে।

**গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার:** US FDA প্রেগন্যান্সি ক্যাটাগরি বি। স্তন্যদানকালীন সেফিক্সিম গ্রহণে বিরত থাকাই ভাল, কেননা এক্ষেত্রে তেমন কোন উপাত্ত নেই।

**সতর্কতা:** বৃক্কে জটিলতা, গর্ভাবস্থায় ও স্তন্যদানকালীন ব্যবহারে সতর্ক থাকতে হবে।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:** অন্যান্য ওষুধের সঙ্গে তেমন কোন বিক্রিয়া নেই।

**মাত্রাধিক্য:** মাত্রাতিরিক্ত সেবন করলে পাকস্থলীর উদ্‌গিরণ করতে হবে। হিমোডায়ালাইসিস বা পেরিটোনিয়াল ডায়ালাইসিসের মাধ্যমে সেফিক্সিম সম্পূর্ণরূপে শরীর হতে মুক্ত করা যায় না।

**সংরক্ষণ:** শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ২৫˚সে. তাপমাত্রার নিচে এবং শুষ্কস্থানে রাখুন।

**উপস্থাপনা: সেফটিড® ২০০ মিগ্রা ট্যাবলেট:** প্রতি কার্টনে অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে আছে ১৪ (৭×২) ট্যাবলেট।
**সেফটিড® ৪০০ মিগ্রা ট্যাবলেট:** প্রতি কার্টনে অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে আছে ৭ (৭×১) ট্যাবলেট।
**সেফটিড® ২০০ মিগ্রা ক্যাপসুল:** প্রতি কার্টনে অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে আছে ১৪ (৭×২) ক্যাপসুল।
**সেফটিড® ৪০০ মিগ্রা ক্যাপসুল:** প্রতি কার্টনে অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে আছে ৭ (৭×১) ক্যাপসুল।
**সেফটিড® ৩৭.৫ মিলি সাসপেনশন তৈরীর পাউডার:** প্রতি কার্টনে একটি বোতলে আছে ৩৭.৫ মিলি সাসপেনশন তৈরির পাউডার।
**সেফটিড® ৫০ মিলি সাসপেনশন তৈরীর পাউডার:** প্রতি কার্টনে একটি বোতলে আছে ৫০ মিলি সাসপেনশন তৈরির পাউডার।
**সেফটিড® ৭৫ মিলি সাসপেনশন তৈরীর পাউডার:** প্রতি কার্টনে একটি বোতলে আছে ৭৫ মিলি সাসপেনশন তৈরির পাউডার।
**সেফটিড® ডিএস ৫০ মিলি সাসপেনশন তৈরীর পাউডার:** প্রতি কার্টনে একটি বোতলে আছে ৫০ মিলি সাসপেনশন তৈরির পাউডার।
**সেফটিড® শিশুদের জন্য ড্রপস্:** প্রতি কার্টনে একটি বোতলে আছে ২১ মিলি শিশুদের জন্য ড্রপস তৈরির পাউডার।
**সেফটিড® কিউএস শিশুদের জন্য ড্রপস্:** প্রতি কার্টনে একটি বোতলে আছে ১১ মিলি শিশুদের জন্য ড্রপস তৈরির পাউডার।

Opsonin
Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.

0712-01